Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 24 June, 2025

শিরোপাহীনতা ঘোচাতে এবং স্কোয়াড পুনর্গঠনের লক্ষ্যে বড়সড় পরিবর্তনের পথে হাঁটছে আর্সেনাল।কোচ মিকেল আর্তেতার অধীনে মাঠে উন্নতি এলেও কাঙ্ক্ষিত ট্রফি অধরাই থাকায় আগামী মৌসুমে দল ঢেলে সাজাতে প্রস্তুত উত্তর লন্ডনের ক্লাবটি।

ব্রিটিশ সংবাদমাধ্যমগুলোর খবরে বলা হয়েছে, বেতনের ভার কমাতে এবং নতুন খেলোয়াড়দের জন্য বাজেট তৈরি করতে অন্তত পাঁচজন খেলোয়াড়কে বিক্রি করার পরিকল্পনা করছে আর্সেনাল।সম্ভাব্য বিক্রির তালিকায় রয়েছেন–গ্যাব্রিয়েল মার্টিনেল্লি, ওলেক্সান্ডার জিনচেঙ্কো, রেইস নেলসন, জ্যাকুব কিউইঅর এবং আলবার্ট সাম্বি লোকোনগা।

আর্সেনালের বর্তমান স্কোয়াডে বেশ কয়েকজন খেলোয়াড় উচ্চ বেতন পান।কাই হাভার্টজের সাপ্তাহিক বেতন ২ লাখ ৮০ হাজার পাউন্ড, যার সঙ্গে গ্যাব্রিয়েল জেসুস, মার্টিন ওডেগার্ড এবং ডেকলান রাইসের মতো তারকারাও আছেন উচ্চ বেতনের তালিকায়।

দলবদল থেকে প্রাপ্ত অর্থ দিয়ে আক্রমণভাগে শক্তি বাড়াতে চান আর্তেতা।তার প্রথম পছন্দ সুইডিশ স্ট্রাইকার ভিক্টর গিয়োকেরেস, যিনি বর্তমানে পর্তুগিজ ক্লাব স্পোর্টিং সিপিতে খেলছেন। এছাড়াও চেলসির উইঙ্গার নোনি মাদুয়েকে এবং লাইপজিগের স্ট্রাইকার বেনজামিন সেসকোর দিকেও নজর রয়েছে গানারদের।

এদিকে গ্যাব্রিয়েল মার্টিনেল্লির প্রতি আগ্রহ দেখিয়েছে বায়ার্ন মিউনিখ ও অ্যাথলেটিক বিলবাও। ৫০ মিলিয়ন ইউরোর উপযুক্ত প্রস্তাব পেলেই তাকে ছাড়তে রাজি হবে আর্সেনাল।

আর্সেনাল গ্যাব্রিয়েল মার্টিনেল্লি ওলেক্সান্ডার জিনচেঙ্কো রেইস নেলসন জ্যাকুব কিউইঅর আলবার্ট সাম্বি লোকোনগা খেলোয়াড়

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:15

URL: https://www.timestodaybd.com/public/sports/970203615